

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০০৯৩.২৫(অংশ-৩).৯৪১

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের কোড নং-
২২১০০০৬০০) অধীনে 'বিশেষ বরাদ্দ' শীর্ষক উপখাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

চলতি ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র (এডিপি) আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড
নং-২২১০০০৬০০) 'বিশেষ বরাদ্দ' শীর্ষক উপখাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে নিম্নোক্ত প্রকল্প গ্রহণের জন্য জেলা পরিষদ,
ঠাকুরগাঁও-এর অনুকূলে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

ক্রম	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১.	গাজীরহাট টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, বাড়ে ক্ষতিগ্রস্ত একাডেমিক ভবন মেরামত উন্নয়ন প্রকল্প, গ্রাম: গাজীরহাট; ইউনিয়ন: ৮ নং নন্দুয়ার, উপজেলা: রাণীশংকৈল; জেলা: ঠাকুরগাঁও।	৭.০০
২.	গাজীরহাট ঈদগাহ ময়দান সংস্কার ও উন্নয়ন প্রকল্প, গ্রাম: গাজীরহাট; ইউনিয়ন: ৮ নং নন্দুয়ার, উপজেলা: রাণীশংকৈল; জেলা: ঠাকুরগাঁও।	৩.০০
৩.	গাজীরহাট পূর্বপাড়া জামে মসজিদ সংস্কার ও উন্নয়ন, গ্রাম- গাজীরহাট ইউনিয়ন- ৮ নং নন্দুয়ার, উপজেলা- রাণীশংকৈল, জেলা- ঠাকুরগাঁও।	১০.০০
৪.	জওগাও জামে মসজিদ সংস্কার ও উন্নয়ন প্রকল্প, গ্রাম- জওগাও ইউনিয়ন- ৮ নং নন্দুয়ার, উপজেলা- রাণীশংকৈল, জেলা- ঠাকুরগাঁও।	১০.০০
৫.	ওয়াপদা কালোনী জামে মসজিদ এর সংস্কার ও উন্নয়ন প্রকল্প, পীরগঞ্জ।	৫.০০
৬.	পীরগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় এর শিশু পার্ক সংস্কার ও উন্নয়ন প্রকল্প।	৫.০০
৭.	পীরগঞ্জ প্রেস ক্লাব, পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর সংস্কার ও উন্নয়ন প্রকল্প।	৫.০০
৮.	রাণীশংকৈল প্রেস ক্লাব এর সংস্কার ও উন্নয়ন প্রকল্প, রাণীশংকৈল, ঠাকুরগাঁও।	৫.০০
	মোট=	৫০.০০

২। এ ব্যয় চলতি ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/ ৪১১১৩১৭
'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ২৪ জুলাই ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩১৬নং, ২১ অক্টোবর ২০২৫ তারিখের
০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪১১নং, ২৪ নভেম্বর ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৬৯নং, গত ১৬ মার্চ
২০২৬ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১১৮নং এবং ২৬ এপ্রিল ২০২৬ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-
১৭৯নং স্মারকমূলে ২০২৫-২৬ অর্থবছরের জেলা পরিষদ উন্নয়ন সহায়তা খাতের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ ছাড়ে প্রদত্ত
সম্মতির পরিপ্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এ অর্থ ছাড় করা হলো:

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়/প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদ এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা-
২০২২ যথাযথভাবে অনুসরণসহ প্রযোজ্য যাবতীয় আর্থিক ও অন্যান্য বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল উত্তোলনকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- (গ) পরবর্তী অর্থবছরে এ খাত হতে অর্থছাড়ের পূর্বে বর্তমানে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে; এবং
- (ঘ) অর্থ বিভাগ কর্তৃক ০৮.০৭.২০২৫ খ্রি. তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৭ সংখ্যক পরিপত্র এবং ০৫-০৪-২০২৬
খ্রি. তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬ সংখ্যক পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোনো কাজে এ অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী
কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা মঞ্জুরিকৃত এ অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত
নিয়মমাচার ও আর্থিক বিধি-বিধান প্রতিপালন করবেন।

খোন্দকার ফয়সাদ আহমদ
উপসচিব


ফোন : +৮৮০২২২৩৩৫৫৬৮
ই-মেইল : lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৪.০০৯৩.২৫(অংশ-৩).৯৪১/১(১২)

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দ. আ: সিনিয়র সহকারী সচিব (বাজেট-১৪ শাখা)];
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর;
৬. প্রশাসক, জেলা পরিষদ, ঠাকুরগাঁও;
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঠাকুরগাঁও;
১০. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
১২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঠাকুরগাঁও।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব